

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ২৮, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/২৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০২৫.৫০.০৫৮.০৮-৬৮৯।—যেহেতু, Representation of the people order, 1972 এর আওতায় রাজনৈতিক দল হিসাবে নিবন্ধনের জন্য উক্ত আদেশের Article 90B এর শর্তানুযায়ী বাংলাদেশ জামায়াতে ইসলামী নিবন্ধনের জন্য আবেদন করিয়াছিল এবং যাহার প্রেক্ষিতে বাংলাদেশ জামায়াতে ইসলামী কে নিবন্ধন প্রদান করা হইয়াছিল (নিবন্ধন নং-০১৪, তারিখ: ০৪-১১-২০০৮);

যেহেতু, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-630 of 2009 এর প্রদত্ত রায়ে মহামান্য আদালত বাংলাদেশ জামায়াতে ইসলামী এর নিবন্ধন অবৈধ ও বাতিল ঘোষণা করিয়াছেন;

এখন, সেহেতু, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং 630 of 2009 এর প্রদত্ত রায়ে মহামান্য আদালত বাংলাদেশ জামায়াতে ইসলামী এর নিবন্ধন অবৈধ ও বাতিল ঘোষণা করায় Representation of the people order, 1972 (as amended up to date) এর Article 90H এর sub clause(4) অনুযায়ী বাংলাদেশ জামায়াতে ইসলামী (নিবন্ধন নং-০১৪, তারিখ: ০৪-১১-২০০৮) এর নিবন্ধন বাতিল করা হইল।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ

সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৩৫৭৭)

মূল্য : টাকা ৪.০০